গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.৫৯.০০১.২১.৯৩

তারিখ: ২২ আশ্বিন ১৪২৮
০৭ অক্টোবর ২০২১

বিষয়: **মহামান্য সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৪৬৭১/২০২০ সরকার পক্ষে মামলা পরিচালনা সংক্রান্ত।**

সূত্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.০২.০০০০.১১১.৩৩.২৩০.২০২০-৩৫৯/২
তারিখ-১৪.০৯.২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ১৪/০৩/২০২১খ্রি. তারিখে ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৩.২১.৮৬ সংখ্যক স্মারকে মহাপরিচালক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরকে মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং- ৪৬৭১/২০২০ মামলা পরিচালনার বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে সর্বশেষ মামলার তথ্য এ বিভাগকে অবহিত করার জন্য পত্র দেয়া হয়।

মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর সূত্রোক্ত স্মারকে জানিয়েছেন যে, এম রুহুল কুদ্দুস তালুকদার দুলু, গ্রাম-রামসা কাজিপুর, থানা- নলডাঙ্গা, জেলা- নাটোর, প্রতিষ্ঠানের নাম একডালা মডেল উচ্চ বিদ্যালয়ের পরিবর্তে এম রুহুল কুদ্দুস তালুকদার (দুলু) উচ্চ বিদ্যালয় করার দাবীতে এবং এমপিও ভুক্ত প্রতিষ্ঠানের তালিকায় বিদ্যালয়ের নাম পরিবর্তনের আদেশ-কে চ্যালেঞ্জ করে মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং- ৪৬৭১/২০২০ মামলা দায়ের করেন।

মামলায় সরকারের স্বার্থ সংশ্লেষ বিদ্যমান এবং মন্ত্রণালয়ের পত্রকে চ্যালেঞ্জ করে মামলাটি দায়ের করা হয় এবং মামলা পরিচালনার জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর-এর কোন নিজস্ব আইনজীবি না থাকায় রীট পিটিশন নং-৪৬৭১/২০২০ সরকার পক্ষে পরিচালনার জন্য মন্ত্রণালয়ের নিয়োজিত প্যানেল এ্যাডভোকেটের মাধ্যমে মামলা পরিচালনার জন্য অনুরোধ জানিয়েছেন।

এমতাবস্থায়, যেহেতু মামলা পরিচালনার জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর-এর কোন নিজস্ব আইনজীবি নেই সেহেতু মহামান্য সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং- ৪৬৭১/২০২০ মামলাটি সচিব মহোদয়ের পক্ষে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৭-১০-২০২১
মোঃ সেলিম সিকদার
সহকারী সচিব
ফোন: ৪১ ০৫০ ৯৯৭
ইমেইল: law.section2@shed.gov.bd

জনাব শেখ রিয়াজুল হক

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.৫৯.০০১.২১.৯৩/১(৫)

তারিখ: ২২ আশ্বিন ১৪২৮
০৭ অক্টোবর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

২) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৪) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

৫) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৭-১০-২০২১
মোঃ সেলিম সিকদার
সহকারী সচিব